



আসছে নানা ব্র্যান্ডের পাতলা ট্যাব

সোহেল রাণা

গ্রে তাদের চাহিদা বিবেচনায় এবং ন্যানো প্রযুক্তির ফলে প্রযুক্তিগণ্য ছোট হচ্ছে দিন দিন। এখন আস্ত একটি কমপিউটারকেই পকেটে পুরে রাখা যায়। বিশ্বসেরা প্রযুক্তি নির্মাতা প্রতিষ্ঠানগুলো ক্রেতাদের আকৃষ্ট করতে পাতলা ট্যাব তৈরিতে এক ধরনের প্রতিযোগিতায় নেমেছে। ফলে বাজারেও আসছে নতুন নতুন অত্যাধুনিক সব ট্যাবলেট পিসি।

চলতি বছরে বিশ্বের সবচেয়ে পাতলা ৮ ও ৯ দশমিক ৭ ইঞ্জিন দুটি মডেলের ট্যাব বাজারে আনছে স্যামসাং। গত বছর বাজারে আসা গ্যালাক্সি ট্যাব এস ৮ দশমিক ৪ ও ট্যাব এস ১০ দশমিক ৫-এর পরবর্তী সংস্করণ হিসেবে এ বছর বাজারে আসবে হালকা-পাতলা দুটি ট্যাব। প্রযুক্তিবিশ্বক ওয়েবসাইট টেকরাভার এক প্রতিবেদনে জানিয়েছে, চীনের টেলিকমিউনিকেশন ইকৃপমেট সার্টিফিকেশন স্টের স্যামসাংয়ের দুটি মডেলের ট্যাবকে ছাড়পত্র দিয়েছে এবং নতুন ট্যাবের কিছু তথ্য প্রকাশ করেছে। নতুন ট্যাব হিসেবে ট্যাব এস ২ এইটের ওজন ২৬০ গ্রাম ও এর আকার ১৯৮ বাই ১৩৪ বাই ৫ দশমিক ৪ মিলিমিটার। অর্থাৎ ৮ ইঞ্জিন মাপের ট্যাব এস ২ হবে ৫ দশমিক ৪ মিলিমিটার পুরু। ৮ ইঞ্জিন মাপের এস ২-এর পাশাপাশি ৯ দশমিক ৭ ইঞ্জিন মাপের একটি ট্যাবও বাজারে আনতে পারে স্যামসাং।

ট্যাব এস ২-এ থাকবে অ্যামেডেড ডিসপ্লে, যার রেজিলেশন ১৫৩৬ বাই ১০৪৮। অ্যান্ড্রয়েড লিপপচালিত এই ট্যাবে অস্ট্রাকোর প্রসেসর ও

৩ গিগা বাইট র্যাম সুবিধা থাকবে। পেছনে ৮ ও সামনে ২ মেগাপিক্সেলের ক্যামেরা থাকবে এই হালকা-পাতলা ডিভাইস। ১৬ জিবি ইন্টারনাল স্টোরেজের পাশাপাশি এতে এক্স্টারনাল মেমরি (বৰ্ধনযোগ্য) এবং পেছনের দিকে ৫এমপি ও সামনের দিকে আছে ২এমপি সেলফি শুটার।

অন্দিকে তাইওয়ানের বাজারে জুন মাসে এসেছে স্যামসাংয়ের নতুন ট্যাব গ্যালাক্সি ইঁ। কিন্তু তাইওয়ান ছাড়া বিশ্বের অন্যান্য বাজারে গ্যালাক্সি সিরিজের নতুন ট্যাবটি ছাড়ার বিষয়ে নিশ্চিতভাবে কিছু জানানো হ্যানি। এটি সম্পূর্ণ

যারা সাধারণত মৌলিক সুবিধাগুলো পেতে আগ্রহী তারা নিশ্চিত এটি পেতে চেষ্টা করবেন। যদিও এতে অ্যান্ড্রয়েড ৫.০ লিপপ দেয়া নেই, তবে স্যামসাংয়ের প্রচলিত টাচউইজ লেয়ারের গুরুত্ব বুরো অ্যান্ড্রয়েড ৪.৪ কিটকার্টকে বেছে নেয়া হয়েছে ই-এর জন্য। এর হার্ডওয়্যার বৈশিষ্ট্য প্রসঙ্গে উল্লেখ করা হয় ৯.৬ ইঞ্জিন আকৃতির টাচস্ক্রিন পর্দায় পিক্সেল রেজ্যুলেশন ১২৮০ বাই ৮০০, ১.৩ গিগা বাইট কোয়াডকোর প্রসেসর সাথে ১.৫ জিবি র্যাম এবং ৮ জিবি ইন্টারনাল মেমরি (বৰ্ধনযোগ্য) এবং পেছনের দিকে ৫এমপি ও সামনের দিকে আছে ২এমপি সেলফি শুটার। আর ওয়াইফাই হলো এর একমাত্র সংযোগ। ব্যাটারি ৫ হাজার এমএএইচ, পুরুত্ব ৮.৫ মিমি, ওজন ১৯০ গ্রাম। ধারণা করা হয়, এরপর একই ধরনের এর আরেকটি মডেলের ঘোষণা দেবে স্যামসাং। ট্যাব ই-এর দাম নির্ধারণ করা হয়েছে ২২৬ ডলার, যা ভারতীয় রূপিতে পড়বে প্রায় ১৫ হাজার। কিন্তু পণ্যটিতে অন্তর্ভুক্ত বৈশিষ্ট্য অন্যান্য দাম কিছুটা বেশি বলেও মনে করছেন কেউ কেউ।

সম্প্রতি যুক্তরাষ্ট্রের শীর্ষ প্রযুক্তিগুলি নির্মাতা প্রতিষ্ঠান ডেল নিয়ে এসেছে ৬.১ মিলিমিটারের পাতলা ট্যাবলেট। ডেলের দাবি, এটিই পৃথিবীর সবচেয়ে পাতলা ট্যাবলেট। পৃথিবীর সর্বাধিক পাতলা ট্যাবলেট দাবি করা এ ট্যাবে সংযুক্ত করা হয়েছে তিনটি ক্যামেরা। এই তিনটি ক্যামেরাই ইন্টেলের তৈরি। এতে ব্যবহার করা হয়েছে ইন্টেল রিয়েল সেস ম্যাপশপ ডেপথ প্রযুক্তি।

ট্যাবটিতে আরও আছে ২.৩ গিগা বাইট কোয়াড কোর ইন্টেল অ্যাটম জেড৩৫০০ প্রসেসর ও ২ জিবি র্যাম। অভ্যন্তরীণ মেমরি পাওয়া যাবে এতে ১৬ জিবি, যা আবার এক্স্ট্রা মাইক্রোএসডি কার্ডের মাধ্যমে বাড়িয়ে নেয়া যাবে ৫১২ জিবি পর্যন্ত। আপাতত অ্যান্ড্রয়েডের কিটক্যাট সংস্করণে পরিচালিত হবে এটি। পরবর্তী সময় এই পদ্ধতিকে লিপপ ৫.০

সংস্করণে আপগ্রেড করে নেয়া যাবে।

এলজি সম্প্রতি তিনটি নতুন ট্যাবলেট আনার ঘোষণা দিয়েছে। এলজি জানিয়েছে, একেক ব্যবহারকারী একেক আকারের ট্যাবলেট পছন্দ করেন। এই চাহিদান্যায়ি ৭ ইঞ্জিন, ৮ ইঞ্জিন ও ১০.১ ইঞ্জিন ট্যাবলেট বাজারে ছাড়া হবে। কোরিয়ান এই কোম্পানিটি আরও জানায়, প্রতিটি ট্যাবলেটের নামেই তার আকার বোঝা যাবে। যেমন- জি প্যাড ৭.০, জি প্যাড ৮.০ ও জি প্যাড ১০.১। তবে কবে নাগাদ এগুলো বাজারে আসবে তা জানায়নি এলজি কজি।



নতুন ধরনের গ্যালাক্সি ট্যাব। ট্যাবটির নাম 'ই' দেয়ার কারণ হিসেবে বলা হয়েছে, 'ই'-তে স্পষ্টভাবে বাজেট সলিউশন বোঝায়। এছাড়া যারা এখন এমন একটি ট্যাবলেটের খোঁজ করছেন, যাতে গুগলের অ্যান্ড্রয়েড সফটওয়্যার থাকবে, তাদেরকে এটি আকর্ষণ করবে। আরও বলা হচ্ছে, ট্যাবটির হার্ডওয়্যার বিবেচনায় যদিও এটি বাজেটসারির পণ্য, কিন্তু পণ্যটিকে দেখে মনে হয় বর্তমান বাজারের একই দামের সব পণ্যের তুলনায় অনেক উন্নত। তথ্য মতে, ই-এর বহিরাংশ অনুভূতি মসৃণ প্লাস্টিকে তৈরি, যা গ্রাহকদের মুহূর্তেই মন কাঢ়তে পারবে।

ট্যাবটির ভেতরের দিক সম্পর্কে বলা হয়েছে,